## ২য় অংশ

# সেনামালঞ্চ হলরুম/কনফারেন্স রুম বুকিং এর নিয়মাবলী

১। অনুষ্ঠানাদির জন্য ভাড়ার টাকা "সেনামালঞ্চ" এর অনুকুলে পে অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে পরিশোধ সাপেক্ষে সেনামালঞ্চ সংরক্ষণ করা যাবে।

২। যদি কোন কারণবশতঃ কেহ সেনামালঞ্চ বুকিং বাতিল করতে চান তা হলে নিম্নে বর্ণিত নীতিমালা প্রযোজ্য হবে।

ক। ৪৫ দিন পূর্বে বুকিং বাতিল করলে জমাকৃত টাকা হতে শতকরা ১৫ ভাগ হিসাবে কর্তন করা হবে।

খ। ৩১-৪৪ দিন পূর্বে বুকিং বাতীল করলে জমাকৃত টাকা হতে শতকরা ২০ ভাগ হিসাবে কর্তন করা হবে।

গ। ০৮-৩০ দিন পূর্বে বুকিং বাতীল করলে জামকৃত টাকা হতে শতকরা ৩৫ ভাগ হিসাবে কর্তন করা হবে।

ঘ। ০৭ দিন অথবা তার কম সময়ে বুকিং বাতীল করলে জমাকৃত টাকা হতে শতকরা ৪৫ ভাগ হিসাবে কর্তন করা হবে।

ঙ। দিন খালী থাকা সাপেক্ষে গ্রহণযোগ্য বিশেষ কারণে বুকিং এর তারিখ পরিবর্তন করা যেতে পারে, তবে শতকরা ১৫ ভাগ কর্তন করা হবে।

৩। সরকারী প্রয়োজনে যে কোন বুকিং অথবা বরাদ্দ যে কোন মুহুর্তে বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে। সরকারী কাজের জন্য কতৃপক্ষ বুকিং বাতীল করলে কোন প্রকার ভূর্তুকি কর্তন করা হবে না।

৪। সেনামালঞ্চ কার্যালয়ে কর্মরত কর্মকর্তা ব্যতিত অন্য কোন ব্যক্তি বুকিং রেজিষ্টারে নিজ হস্তে নাম লিপিবদ্ধ করতে পারবেন না।

৫। বিবাহ, বৌভাত এবং এনগেজমেন্ট ইত্যাদি অনুষ্ঠানের ক্ষেত্রে বুকিং এর সময় বর ও কনের বিস্তারিত তথ্য আবেদন পত্রের অনুচ্ছেদে ৭ এর উপঅনুচ্ছেদ 'ক' এ উল্লেখিত কলামে লিপিবদ্ধ করতে হবে।

৬। সেনামালঞ্চ বুকিং কেবলমাত্র হলরুম, কনফারেন্স রুম এবং হলঘর এ ব্যবহৃত আববাবপত্র ও এসি ব্যবহারের মধ্যে সীমাবদ্ধতা থাকবে এবং বিনা ভাড়ায় এগুলো ব্যবহার করা যাবে।

| | | |
|---|---|---|
| (১) | ষ্টীলের ফোম চেয়ার | - ১৩০০ টি |
| (২) | গোল টেবিল | - ১৪৫ টি |
| (৩) | সোফা | - ১২ সেট |
| (৪) | এসি | - সম্পূর্ণ হলরুম/সম্মেলন কক্ষ এসি। |

## ৩য় অংশ

# অঙ্গীকারনামা - ব্যবহারকারীর জন্য

"আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, উপরোক্ত শর্ত পূরণ করে সেনামালঞ্চ/সম্মেলন কক্ষের নিজস্ব আসবাবপত্র ব্যবহার করব"

তারিখ ঃ..................................................

ব্যবহারকারীর স্বাক্ষর ঃ..................................................

# বিশেষ নির্দেশাবলী

১।	সেনামালঞ্চের ব্যবহারকারীকে কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তর কর্তৃক সরবরাহকৃত সেনামালঞ্চ ব্যবহার এবং বুকিং এর নীতিমালা অবশ্যই মেনে চলতে হবে।

২।	অসম্পূর্ন বা অসত্যতথ্য আবেদনপত্রে উল্লেখ করলে অথবা উল্লেখিত নির্দেশাবলী লংঘিত হলে কর্তৃপক্ষ সেনামালঞ্চ ব্যবহার যে কোন মুহূর্তে বাতিল করার অধিকার সংরক্ষন করে।

৩।	সেনামালঞ্চের অনুষ্ঠান অবশ্যই ০৬ ঘন্টার মধ্যে শেষ করতে হবে। ৬ ঘন্টার অতিরিক্ত প্রতি ১ ঘন্টার জন্য ৩০,০০০.০০ টাকা করে প্রদান করতে হবে।

৪।	সেনামালঞ্চে কোন অনুষ্ঠানে কোন প্রকার আতশ বাজি বা পটকা ফুটানো যাবে না।

৫।	সেনামালঞ্চের কোন অনুষ্ঠানে ঘোড়া/গরুর গাড়ী ব্যবহার করা যাবে না। অনুষ্ঠান উপলক্ষ্যে রঙ্গিন গ্লাসযুক্ত এবং হলুদ প্লেটযুক্ত কোন গাড়ী সেনানিবাসে প্রবেশ করতে পারবে না।

৬।	ব্যবহার কালে সেনামালঞ্চ বা তার আওতাধীন কোন সামগ্রীর কোনরুপ ক্ষতি সাধিত হলে ব্যবহারকারী উক্ত ক্ষতির জন্য সমূদয় মূল্য পরিশোধ অথবা অনুরুপ সামগ্রী পরিবর্তন করে দিতে বাধ্য থাকবেন। নিরাপত্তা জামানত হিসাবে প্রত্যেক গ্রাহককে ৫০,০০০.০০ টাকা জমা প্রদান করতে হবে যা অনুষ্ঠান শেষে ফেরত যোগ্য।

৭।	সেনামালঞ্চ ব্যবহারকারীকে মেহমান আপ্যায়নে যানবাহনের সমাবেশ ২০০/২৫০ টির মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

৮।	সেনামালঞ্চে যে কোন অনুষ্ঠানে ব্যান্ড পার্টি ব্যবহার করতে হলে হল কর্তৃপক্ষের নিকট হতে পূর্বানুমতি গ্রহন করতে হবে।

৯।	সেনামালঞ্চে বিশেষ অনুষ্ঠানাদিতে ট্রাফিক নিয়ন্ত্রনের জন্য কর্তৃপক্ষের পূর্বানুমতিক্রমে কেবলমাত্র অস্ত্রবিহীন ট্রাফিক পুলিশ নিজ উদ্যোগে নিয়োগ করা যেতে পারে। কোন অবস্থাতেই বেসরকারী অথবা ব্যক্তিমালিকানাধীন গার্ড নিয়োগ করা যাবে না। এ ব্যাপারে স্থানীয় মিলিটারি পুলিশের সাথে (আর্মি এম পি ইউনিট) যথেষ্ট পূর্বে সমন্বয় সাধন করতে হবে।

১০।	সেনামালঞ্চে শীতাতপ নিয়ন্ত্রিত যন্ত্র শর্ত সাপেক্ষে ৬ ঘন্টার বেশী ব্যবহার করা যাবে, সে ক্ষেত্রে প্রতি ঘন্টায় ৩০,০০০.০০ টাকা প্রদান করতে হবে।

১১।	সেনামালঞ্চে টেবিল, চেয়ার ও টেবিল ক্লথ এবং অন্যান্য সামগ্রী ব্যবহারকারীগন নিজ ব্যবস্থায় সেনামালঞ্চের সুপারভাইজার/স্টোরম্যানের নিকট থেকে বুঝে নেবেন এবং ব্যবহার শেষে নিজেদের লোকের মাধ্যমে সুষ্ঠুভাবে সুপারভাইজার/স্টোরম্যানের নিকট ফেরত দেবেন। উক্ত দ্রব্যাদির কোনরুপ ক্ষতি সাধিত হলে ক্ষতিগ্রস্ত সামগ্রী অবিকল পরিবর্তন করে দিতে অথবা সমুদয় মুল্য বহন করতে বাধ্য থাকবেন।

১২।	সেনামালঞ্চ ব্যবহারের পূর্বের দিন কোন প্রকার সামগ্রী সেনামালঞ্চে আনায়ন বা ডেকোরেশনের কাউকে অবস্থান করতে দেয়া যাবে না।

১৩।	রান্না করা খাবার বহনকারী বাসনপত্র ব্যবহারের সময় মেঝে বা দেয়াল যাতে নষ্ট না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। ব্যবহারের সময় দেয়াল বা অন্যান্য আসবাবপত্র নষ্ট হলে বা দাগ পড়লে ব্যবহারকারী তা নিজ ব্যবস্থায় রং করে দিতে বাধ্য থাকবেন।

১৪।	ব্যবহারকারী সেনামালঞ্চ ব্যবহার শেষে নিজ দায়িত্বে ভবন এবং পারিপার্শ্বিক এলাকা পরিস্কার পরিচ্ছন্ন করবেন। অন্যথায় সেনামালঞ্চ হল সুপারভাইজার/স্টোরম্যানের সাথে যথাযথ সমন্বয়ের মাধ্যমে নিজ খরচে ব্যবহারকারী এই দায়িত্ব পালন করবেন।

১৫।	সেনামালঞ্চ ব্যবহারের পূর্বে বাবুর্চীগন তাদের নিজের এবং সেনামালঞ্চে কর্মরত সকল লোকের পূর্ন আবাসিক ঠিকানা সম্বলিত এক কপি নামীয় তালিকা সেনামালঞ্চের সুপারভাইজার/স্টোরম্যানের নিকট হস্তান্তর করবেন। উল্লেখিত লোক ছাড়া সেনামালঞ্চে অন্য কোন লোক প্রবেশ করতে পারবে না। সেনামালঞ্চ ব্যবহারকারী ইহা নিশ্চিত করবেন।

১৬।	সেনামালঞ্চ চত্বর ব্যতীত অন্য কোন স্থানে রান্নাবান্না করা সম্পুর্নরুপে নিষেধ। তবে বাহির হতে রান্না করা খাবার শর্ত সাপেক্ষে পরিবেশন করা যাবে, সে ক্ষেত্রে জনপ্রতি ২৫/- টাকা করে প্রদান করতে হবে।

১৭।	অনুষ্ঠানে আগত রাজনৈতিক ও বৈদেশিক মেহমানদের নিরাপত্তা ছাড়পত্র গ্রহনের নিমিত্তে সেনামালঞ্চ থেকে প্রদানকৃত ফরম যথাযথ ভাবে পূরন করে অনুষ্ঠানের কমপক্ষে ০১ মাস পূর্বে জমা দিতে হবে।

১৮।	সেনামালঞ্চে কোন প্রকার অবাঞ্ছিত/কালো তালিকাভূক্ত ব্যক্তিকে প্রবেশ করতে দেয়া হবে না।

১৯।	সেনামালঞ্চের হলের ভিতরে কোন বহিরাগত অস্ত্রধারী/গানম্যান প্রবেশ করতে পারবে না। তাদের জন্য গেট সংলগ্ন গার্ডরুমে বসা/আপ্যায়নের ব্যবস্থা থাকবে।

২০।	ফটোগ্রাফার এবং সাংবাদিকদের ছবিসহ তালিকা গ্রাহক কর্তৃক অনুষ্ঠানের ১৫ দিন পূর্বে জমা দিতে হবে। তালিকা বহির্ভূত কোন ফটোগ্রাফার এবং সাংবাদিকদের হলে প্রবেশ করতে দেয়া হবে না।

২১।	সেনামালঞ্চ হল রুমের জন্য সুপরিসর কুক হাউজের ব্যবস্থা রয়েছে।